

= वृष | Hud | هُود |

আয়াতঃ ১১: ৪৪

💵 আরবি মূল আয়াত:

وَ قِيلَ يَارِضُ اللَّعِى مَآءَكِ وَ يُسَمَآءُ اَقلِعِى وَ غِيضَ المَآءُ وَ قُضبِيَ الاَمرُ وَ استَوَت عَلَى الجُودِيِّ وَ قِيلَ بُعدًا لِلقَوم الظُّلِمِينَ ﴿ ٢٤﴾

আর বলা হল, 'হে যমীন, তুমি তোমার পানি চুষে নাও, আর হে আসমান, বিরত হও'। অতঃপর পানি কমে গেল এবং (আল্লাহর) সিদ্ধান্ত বাস্তবায়িত হল, আর নৌকা জুদী পর্বতের উপর উঠল এবং ঘোষণা করা হল, 'ধ্বংস যালিম কওমের জন্য'। — আল-বায়ান

অতঃপর বলা হল, 'হে যমীন! তোমার পানি গিলে ফেল, আর হে আকাশ, থাম।' অতঃপর পানি যমীনে বসে গেল, কার্য সমাপ্ত হল, নৌকা জুদী পর্বতে এসে ভিড়ল, আর বলা হল- 'যালিম লোকেরা ধ্বংস হোক!' — তাইসিরুল আর আদেশ হলঃ হে যমীন! স্বীয় পানি শুষে নাও, এবং হে আসমান! থেমে যাও। তখন পানি কমে গেল ও ঘটনার পরিসমাপ্তি ঘটল, আর নৌকা জূদী (পাহাড়) এর উপর এসে থামল। আর বলা হল, অন্যায়কারীরা আল্লাহর রাহমাত হতে দূরে। — মুজিবুর রহমান

And it was said, "O earth, swallow your water, and O sky, withhold [your rain]." And the water subsided, and the matter was accomplished, and the ship came to rest on the [mountain of] Judiyy. And it was said, "Away with the wrongdoing people." — Sahih International

88. আর বলা হল, হে যমীন! তুমি তোমার পানি গ্রাস করে নাও, হে আকাশ! ক্ষান্ত হও। আর পানি হ্রাস করা হল এবং সিদ্ধান্ত বাস্তবায়িত হল। আর নৌকা জুদী পর্বতের উপর স্থির হল(১) এবং বলা হল, 'যালিম সম্প্রদায়ের জন্য ধ্বংস।

(১) জুদী পাহাড় বর্তমানেও ঐ নামেই পরিচিত। সেটি ইরাকের মোসেল শহরের উত্তরে ইবনে ওমর দ্বীপের অদুরে আর্মেনিয়া সীমান্তে অবস্থিত। আধুনিক কালে এ পাহাড়ে নূহ আলাইহিস সালামের কিশতির ধ্বংসাবশেষ পাওয়া গেছে। মূলতঃ জুদি একটি পর্বতমালার অংশবিশেষের নাম। এর অপর এক অংশের নাম আরারাত পর্বত। বর্তমান তাওরাতে দেখা যায় যে, নূহ আলাইহিস সালামের কিশতি আরারাত পর্বতে ভিড়েছিল। উভয় বর্ণনার মধ্যে মৌলিক কোন বিরোধ নাই।

তাফসীরে জাকারিয়া



- (88) আর বলা হল, 'হে ভূমি! তুমি নিজ পানি শুষে নাও[1] এবং হে আকাশ! তুমি ক্ষান্ত হও।' তখন পানি কমে গেল ও নির্ধারিত কার্য সম্পন্ন হল।[2] নৌকা জুদী (পাহাড়) [3]-এর উপর এসে থামল। আর বলা হল, 'অন্যায়কারীরা আল্লাহর করুণা হতে দূর হোক।' [4]
 - [1] ابلعي 'গিলে ফেলা' শব্দটির ব্যবহার জীবের জন্য হয়ে থাকে। কারণ তারা নিজের মুখের খাবার গিলে ফেলে। এখানে পানি শুষে নেওয়াকে গিলে ফেলা বলাতে এই হিকমত পরিলক্ষিত হয় যে, পানি ধীরে ধীরে শুকায়নি; বরং আল্লাহর আদেশে যমীন সমস্ত পানি একসাথে সেই রূপ গিলে ফেলেছিল যেরূপ জন্তু খাবার গিলে ফেলে।
 - [2] অর্থাৎ সমস্ত কাফেরকে পানিতে ডুবিয়ে মারা হল।
 - [3] 'জুদী' একটি পাহাড়ের নাম। যা অনেকের মতে (ইরাকের) 'মাওসেল' নামক শহরের নিকটে অবস্থিত। নূহ (আঃ)-এর সম্প্রদায়ও সেই পাহাড়ের নিকট বসবাস করত।
 - [4] بعد (দূর) শব্দটি ধ্বংস এবং আল্লাহর অভিশাপ অর্থে ব্যবহার হয়েছে। কুরআন কারীমে বিশেষভাবে আল্লাহর ক্রোধভাজন সম্প্রদায়সমূহের জন্য কয়েক স্থানে ঐ শব্দ ব্যবহার করা হয়েছে।

তাফসীরে আহসানূল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=1517

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন